**Office of the Director (Finance & Accounts)**
**Jagannath University**
Dhaka-1100, Bangladesh
Phone: (+88 02) 9580069, 9534051
Fax: (+88 02) 47118449.

পরিচালক (অর্থ ও হিসাব)-এর দফতর
**জগন্নাথ বিশ্ববিদ্যালয়**
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোনঃ (+৮৮ ০২) ৯৫৮০০৬৯, ৯৫৩৪০৫১
ফ্যাক্স: (+৮৮ ০২) ৪৭১১৮৪৪৯

স্মারক নং- জবি/অহি/ভ্যাট-ট্যাক্স-২০২৪-২৫/৪২৭৩

তারিখ: ২৭/১০/২০২৪ খ্রি.

# আয়কর ও মূসক/ভ্যাট সংক্রান্ত বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জনানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ২০২৪-২০২৫ অর্থ বছরে পণ্য, পূর্ত ও সেবামূলক কাজের আর্থিক সংশ্লিষ্টতার প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও মূল্য সংযোজন কর (মূসক/ভ্যাট) এর সংশোধিত হারের SRO জারী করেছে। এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশোধনী ব্যতিত অন্যান্য সকল ক্ষেত্রে আয়কর ও মূসক/ভ্যাট হার অপরিবর্তিত থাকবে। আয়কর ও মূসক/ভ্যাট হারের তালিকা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে www.jnu.ac.bd পাওয়া যাবে। ০১/০৭/২০২৪ ইং তারিখ হতে বিজ্ঞাপিত হারে আয়কর ও মূসক/ভ্যাট আরোপযোগ্য। জাতীয় স্বার্থে ইহা পরিপালনের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো। এ বিষয়ে সকলের সহযোগিতা কাম্য।

**আয়কর:**

১. পণ্য ও পূর্ত কাজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের তালিকা **(সংলগ্নী-'ক')**
২. সেবার ক্ষেত্রে উৎসে কর কর্তনের তালিকা **(সংলগ্নী-'খ')**

**মুল্য সংযোজন কর মূসক/ভ্যাট:**

১. উৎসে মূসক/ভ্যাট কর্তনের তালিকা **(সংলগ্নী-'গ')**
২. ব্যবসায়ী পর্যায়ে মূসক/ভ্যাট হতে অব্যহতি প্রাপ্ত পন্যের তালিকা **(সংলগ্নী-'ঘ')**

**তথ্য সংক্রান্ত লিংক:**

অধিকতর তথ্যের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ এর নিম্নোক্ত লিংকগুলো দেখা যেতে পারে:
১. আয়কর সংক্রান্ত: https://nbr.gov.bd/regulations/sros/income-tax-sros/eng
২. মূসক/ভ্যাট সংক্রান্ত: https://nbr.gov.bd/regulations/sros/vat-sros/eng

২৭/১০/২০২৪
**(ড. মো: মহসীন রেজা)**
**পরিচালক (অর্থ ও হিসাব)**

**সংযুক্তি:** বর্ণনামতে।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৭. ডিন, সকল অনুষদ, জবি;
৮-৯. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)/ আধুনিক ভাষা ইনস্টিটিউট (IML), জবি;
১০-৪৮. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৯ গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৫০. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৫১. প্রক্টর, জবি;
৫২-৫৯. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/বহিরাঙ্গন কার্যক্রম/**আইসিটি সেল (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)** জনসংযোগ, তথ্য ও প্রকাশনা/IQAC), জবি;
৬০. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), পরীক্ষা নিয়ন্ত্রক দফতর, জবি;
৬১. প্রধান প্রকৌশলী, প্রকৌশল দফতর, জবি;
৬২. পরিবহণ প্রশাসক, জবি;
৬৩. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দফতর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দফতর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬৫. ডেপুটি রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দফতর, জবি ( রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬৬. সেল প্রধান, অডিট সেল, জবি;
৬৭. উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জবি;
৬৮. উপ-পরিচালক (শরীরচর্চা), শরীরচর্চা শিক্ষা কেন্দ্র, জবি;
৬৯. অফিস নথি।

27/10/2024
**(খন্দকার হাবিবুর রহমান)**
**উপ-পরিচালক (ফান্ড এন্ড বাজেট)**

সংলগ্নী-'ক'

উৎসে কর বিধিমালা,২০২৪ অনুযায়ী উৎসে কর কর্তনের হার নিম্নরূপঃ

## ঠিকাদার, ইত্যাদি পরিশোধের বিপরীতে উৎসে কর কর্তন

**বিধি- ৩ঃ ঠিকাদার, ইত্যাদি পরিশোধের বিপরীতে উৎসে কর কর্তন।**-(১) আইনের ধারা ৮৯ এর অধীন উৎসে কর কর্তনের হার নিম্নরূপ হইবে, যথা:-

(ক) সিগারেট, বিড়ি, জর্দা, তামাক পাতা, গুলসহ যেকোন ধরনের তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার ১০% (দশ শতাংশ) হইবে;

(খ) ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য সম্পাদিত চুক্তির বিপরীতে সেবা সরবরাহের ক্ষেত্রে ভিত্তিমূল্যের উপর উৎসে কর কর্তনের হার ৭% (সাত শতাংশ) হইবে;

(গ) দফা (ক) ও দফা (খ) এর ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিম্নবর্ণিত সারণীতে উল্লিখিত হার অনুযায়ী যেকোনো পরিমাণ ভিত্তিমূল্যের উপর উৎসে কর কর্তন করিতে হইব, যথা:-

সারণী

| ক্রমিক নং | বর্ণনা | হার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এমএস স্ক্র্যাপের ক্ষেত্রে | ০.৫% |
| ২ | পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ০.৬% |
| ৩ | পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ফিলিং স্টেশন ব্যতীত অন্য কোনো ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ১% |
| ৪ | ধান, চাল, গম, আলু, মাছ, মাংস, পিয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, গোল মরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা এবং সুতা সরবরাহের ক্ষেত্রে | ১% |
| ৫ | সব প্রকারের ফল সরবরাহের ক্ষেত্রে | ২% |
| ৬ | এমএস বিলেট ব্যতীত লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য, সিরামিক তৈজস পণ্য ও সিমেন্ট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | ২% |
| ৭ | তেলশোধন (oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ২% |
| ৮ | গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে | ২% |
| ৯ | গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | ৩% |
| ১০ | স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization line রহিয়াছে এইরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হইতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১১ | সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১২ | রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১৩ | শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ৩% |
| ১৪ | ক। সারণী ক্রমিক নং ১ হইতে ১২ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে-<br>খ। ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে- | ৫% |

(ঘ) পেট্রোল পাম্প বা সিএনজি স্টেশন কর্তৃক তেল বা গ্যাস সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য হইবে না।

২৭.১০.২৪

সংলগ্নী-'খ'

# সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে কর্তন

**বিধি- ৪ঃ সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে কর্তন**।-(১) আইনের ধারা ৯০ এর অধীন কোনো সেবার জন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি কর্তৃক কোনো নিবাসীকে কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করা হইলে অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অর্থ পরিশোধের সময়, নিম্নবর্ণিত সারণী মোতাবেক উৎস কর কর্তন করিবেন:-

সারণী

| ক্রমিক নং | সেবার বিবরণ এবং পরিশোধের পরিমান | | হার |
|---|---|---|---|
| (১) | (২) | | (৩) |
| ১ | উপদেষ্টা বা পরামর্শক | | ১০% |
| ২ | পেশাদার সেবা (professional service), কারিগরি সেবা ফি (technical services fee), বা কারিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | | ১০% |
| ৩ | (ক) ক্যাটারিং;<br>(খ) ক্লিনিং;<br>(গ) সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি;<br>(ঘ) ব্যক্তিগত নিরাপত্তা;<br>(ঙ) জনবল সরবরাহ;<br>(চ) ক্রিয়েটিভ মিডিয়া;<br>(ছ) জনসংযোগ;<br>(জ) ইভেন্ট পরিচালনা;<br>(ঝ) প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা;<br>(ঞ) কুরিয়ার সার্ভিস<br>(ট) প্যাকিং এবং শিফটিং<br>(ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | (২) মোট বিল এর উপরে | ২% |
| ৪ | মিডিয়া ক্রয়ের এজেন্সি সেবা | কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | মোট বিল এর উপরে | ০.৬৫% |
| ৫ | ইন্ডেন্টিং কমিশন | | ৮% |
| ৬ | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | | ১০% |
| ৭ | মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা সেবা প্রদানকারী | | ১২% |
| ৮ | ক্রেডিট রেটিং এজেন্সি | | ১০% |
| ৯ | মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | | ৮% |
| ১০ | ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | | ৮% |
| ১১ | শিপিং এজেন্সি কমিশন | | ৮% |
| ১২ | স্টিভডোরিং/ বার্থ অপারেটর/ টার্মিনাল অপারেটর/ শিপ হ্যান্ডলিং অপারেটর | কমিশন বা ফি এর উপরে | ১০% |
| | | মোট বিল এর উপরে | ৫% |
| ১৩ | (১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা<br>(২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোনো প্রকার শেয়ারিং ইকনোমিক প্লাটফর্ম | | ৫% |
| ১৪ | বিদ্যুৎ সঞ্চালনায় নিমিত্ত হুইলিং চার্জ | | ৩% |
| ১৫ | ইন্টারনেট সেবা | | ১০% |
| ১৬ | মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন | | ১০% |
| ১৭ | ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সির কমিশনের উপর | | ১০% |
| ১৮ | ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর | | ২.৫% |
| ১৯ | ক্রমিক নং ১ হইতে ১৮ বর্ণিত হয় নাই এইরূপ অন্য কোনো সেবা যাহা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তনযোগ্য নহে | | ১০% |

27.10.24

সংলগ্নী-'গ'

# উৎসে মূসক কর্তনের তালিকা

টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত কলাম (২) এ বর্ণিত সেবার কোডের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবার বিপরীতে কলাম (৪) এ বর্নিত হারে আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর্তন করিতে হইবে; যথাঃ-

সারনী

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) |
| ১ | S০০১.১০ | এসি হোটেল | | ১৫% |
| ২ | S ০০১.১০ | নন এসি হোটেল | | ৭.৫% |
| ৩ | S ০০১.২০ | রেস্তোরাঁ ( বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | | ৫% |
| ৪ | S ০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | | ১৫% |
| ৫ | S ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | | ১০% |
| ৬ | S ০০৩.২০ | ডকইয়ার্ড | | ১০% |
| ৭ | S ০০৪.০০ | নির্মাণ সংস্থা | | ৭.৫% |
| ৮ | S ০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | | ১৫% |
| ৯ | S ০০৮.১০ | ছাপাখানা | | ১০% |
| ১০ | S ০০৯.০০ | নিলামকারী সংস্থা | | ১৫% |
| ১১ | S ০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডস | | ১৫% |
| ১২ | S ০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ১৩ | S ০২৪.০০ | আসবাবপত্র বিপণন কেন্দ্র | (ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫%) | ৭.৫% |
| | | | (খ) আসবাবপত্রে বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%) | ৭.৫% |
| ১৪ | S ০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | | ১৫% |
| ১৫ | S ০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | | ১০% |
| ১৬ | S ০৩২.০০ | কন্সালটেন্সি ফার্ম ও সুপারভাইজারি ফার্ম | | ১৫% |
| ১৭ | S ০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিং ফার্ম | | ১৫% |
| ১৮ | S ০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | | ৭.৫% |
| ১৯ | S ০৪৫.০০ | আইন পরামর্শক | | ১৫% |
| ২০ | S ০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ২১ | S ০৫০.১০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | | ১৫% |
| ২২ | S ০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | | ১৫% |
| ২৩ | S ০৫১.০০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | | ১৫% |
| ২৪ | S ০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ২৫ | S ০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | | ১০% |
| ২৬ | S ০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | | ১৫% |
| ২৭ | S ০৬৫.০০ | ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা | | ১০% |
| ২৮ | S ০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | | ১৫% |
| ২৯ | S ০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | | ৫% |
| ৩০ | S ০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | | ১৫% |

২৭.১০.২৪

সংলগ্নী-'ঘ'

# ব্যবসায়ী পর্যায়ে মূসক হতে অব্যহতি প্রাপ্ত পন্যের তালিকা

সারনী

| ক্রমিক নং | H.S code | বিবরন |
|---|---|---|
| ১ | - | তাজা ফল |
| ২ | - | চিনি |
| ৩ | 1904.10.00 | মুড়ি |
| ৪ | 8443.32.10 | কম্পিউটার প্রিন্টার |
| ৫ | 8443.99.10 | টোনার কার্টিজ/ ইঙ্কজেট কার্টিজ |
| ৬ | 8443.99.20 | কম্পিউটার প্রিন্টারের যন্ত্রাংশ |
| ৭ | - | কম্পিউটার ও কম্পিউটারের যন্ত্রাংশ |
| ৮ | 8473.30.00 | কম্পিউটারের যন্ত্রাংশ |
| ৯ | 8517.62.30 | মডেম, ইথারনেট ইন্টারফেস কার্ড, নেটওয়ার্ক সুইচ, হাব, রাউটার |
| ১০ | 8523.29.12 | অপারেটিং সিস্টেম, ডেভেলপমেন্ট টুলস |
| ১১ | 8523.29.90 | সফটওয়্যার ইন ম্যাগনেটিক মিডিয়া |
| ১২ | 8523.41.00 | আনরেকর্ডেড অপটিকেল মিডিয়া |
| ১৩ | 8523.49.21 | অপারেটিং সিস্টেম, ডেভেলপমেন্ট টুলস |
| ১৪ | 8523.51.10 | ফ্লাস মেমরি কার্ড বা সমজাতীয় মিডিয়া |
| ১৫ | 8523.59.10 | প্রক্সিমেটিক কার্ড এন্ড ট্যাগস |
| ১৬ | 8528.52.10 | Computer monitor size not exceeding 22 inch |
| ১৭ | 9612.10.10 | কম্পিউটার প্রিন্টার রিবন |

২৭.১০.২৪